

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয়
www.shed.gov.bd

নং-শিম/শা:১৮/শে:কৃ:বি:-১/২০০৫/৩২৮

তারিখ: ২১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যাম্পেলর-এর অনুমোদনক্রমে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যাম্পেলর ড. কামাল উদ্দিন আহাম্মদকে তুরস্কের YILDIRIM PLASTIK LTD (ApiMaye Beekeeping) এর সঙ্গে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) বাস্তবায়নের অংশ হিসেবে মধুশিল্পের উন্নয়ন সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রম সরেজমিন পরিদর্শন ও প্রযুক্তি বিনিময়ের উদ্দেশ্যে আলোচনা এবং উন্নত চিকিৎসার জন্য ০৬.১০.২০১৯ থেকে ১৫.১০.২০১৯ তারিখ অথবা যাত্রার তারিখ থেকে দশ দিন নিম্নে বর্ণিত শর্তে যথাক্রমে তুরস্ক ও ভারত ভ্রমণের অনুমতি প্রদান করা হলো:

- (ক) তুরস্ক ভ্রমণে বিমানভাড়া, আবাসন, আহার ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় আমন্ত্রণকারী প্রতিষ্ঠান বহন করবে; ভারত ভ্রমণের যাবতীয় ব্যয় তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। বর্ণিত ভ্রমণবাবদ বাংলাদেশ সরকার বা বিশ্ববিদ্যালয়ের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) তিনি ভ্রমণশেষে দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং তুরস্ক ভ্রমণের ওপর মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন;
- (গ) ভ্রমণকালীন তিনি বাংলাদেশি মুদ্রায় বেতনভাতাদি গ্রহণ করবেন;
- (ঘ) ভাইস চ্যাম্পেলরের অনুপস্থিতিতে প্রো-ভাইস চ্যাম্পেলর ড. মো: সেকেন্দার আলী নিজ দায়িত্বের অতিরিক্ত ভাইস চ্যাম্পেলরের রুটিন দায়িত্ব পালন করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


০৬/১০/১৯
(নৈলিমা আফরোজ)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭২১৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
 - ২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
 - ৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
 - ৪। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
 - ৫। প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ, ভাইস চ্যাম্পেলর, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
 - ৬। প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, প্রো-ভাইস চ্যাম্পেলর, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
 - ৭। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
 - ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
 - ৮। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
 - ৯। রেজিস্ট্রার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
 - ১০। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
 - ১১। উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
 - ১২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
 - ১৩। সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- (এ আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)